



বাংলাদেশ জাতীয় জাদুঘর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় জাদুঘরে ‘মুজিববর্ষ ও মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী’ উদযাপন উপলক্ষ্যে বিশেষ প্রদর্শনীর আয়োজন


বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের ব্যবস্থাপনায় ‘মুজিববর্ষ ও মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী’ উদযাপন উপলক্ষ্যে একটি বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। প্রদর্শনীটি ৭ মার্চ ২০২১ থেকে ২৭ মার্চ ২০২১ পর্যন্ত দর্শকদের জন্য উন্মুক্ত থাকবে। প্রদর্শনীটি পরিদর্শনের জন্য জাদুঘরের প্রবেশ টিকেটের প্রয়োজন হবে না। ৭ মার্চ সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি প্রদর্শনীটি উদ্বোধন করবেন।

এ প্রদর্শনীতে উপস্থাপিত উল্লেখযোগ্য নিদর্শনের মধ্যে রয়েছে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ স্মৃতি নিদর্শন, শিল্পকর্ম, স্বাধীন বাংলা বেতার কেন্দ্র স্মৃতি নিদর্শন, মুক্তিযুদ্ধকালীন পুস্তিকা, ফোল্ডার ও সংবাদপত্র এবং মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত দুর্লভ আলোকচিত্রসমূহ। এছাড়াও প্রদর্শনীতে উপস্থাপন করা হয়েছে বধ্যভূমির একটি ডিওরমা।

জাতীয় জাদুঘর ইতিহাস ও ঐতিহ্যের ধারক ও বাহক। মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু স্মৃতি নিদর্শন, শিল্পকর্ম, মুক্তিযুদ্ধকালীন সংবাদপত্র ও দুর্লভ আলোকচিত্র, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের স্মৃতি নিদর্শন ও মুক্তিযুদ্ধ বিষয়ক একশত গ্রন্থের সমন্বয়ে আয়োজিত এ প্রদর্শনী দর্শকদের মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস জানতে সহায়তা করবে।

উল্লেখিত প্রদর্শনীর সংবাদ আপনার বহুল প্রচারিত প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রতিনিধি প্রেরণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

শুভেচ্ছাসহ,



নূরে নাসরীন

কীপার

ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ

বাংলাদেশ জাতীয় জাদুঘর

শাহবাগ, ঢাকা ১০০০।

মোবাইল নম্বর: ০১৭১১২৪৯৪২৪